

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৬.১৪-৬৪

তারিখ : ২০ ফাল্গুন ১৪২১
০৪ মার্চ ২০১৫

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব এ, কে, এম জুলফিকার ইসলাম (পরিচিতি নম্বর ০০৫৪৩২), সিনিয়র ট্রাফিক ইঞ্জিনিয়ার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চ: দা:, সড়ক ও জনপথ অধিদপ্তর), ডিটিসিএ (প্রেষণে) গত ২৪.০৮.২০১৪ তারিখ হতে ৩১.০৮.২০১৪ তারিখ পর্যন্ত ০৮ (আট) দিন যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ গত ২৫.১১.২০১৪ তারিখের ডিটিসিএ/প্রশা:/সি:ট্রা:ইঞ্জি:ব্য:নথি/৬৯/২০১২-৭৬০ নম্বর স্মারকে অবহিত করেন;

এবং

যেহেতু, আপনাকে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সড়কপথে যাতায়াতকারী যাত্রী সাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে বিআরটিএ'র সদর কার্যালয়ে স্থাপিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে গত ০৪.১০.২০১৪ তারিখ দায়িত্ব পালনের জন্য নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ কর্তৃক গত ১৭.০৯.২০১৪ তারিখের ৩৫.০২.০০০০.০০২.১৮.০০২.১৪-৬০৫ নম্বর স্মারক মারফত নির্দেশ দেওয়া হয়;

এবং

যেহেতু, আপনি সরকারি নির্দেশ থাকা সত্ত্বেও সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক স্থাপিত কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে দায়িত্ব পালন করেননি, যা কর্তব্যে চরম অবহেলা, দায়িত্বহীনতা ও উদাসীনতার সামিল;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ০১/২০১৫ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ০৪.০২.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২৩ ০২-২০১৫ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় পুনঃ দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত বক্তব্য পর্যালোচনা ও বিশ্লেষণে প্রতীয়মান হয়েছে যে, ডিটিসিএ-এর প্রস্তাব যথাযথ ছিলনা এবং অনুপস্থিতির সময় তিনি প্রকৃতপক্ষেই অসুস্থ ছিলেন;

এবং

এক্ষণে, সার্বিক পরিস্থিতি ও প্রেক্ষাপট বিবেচনায় জনাব এ, কে, এম জুলফিকার ইসলাম (পরিচিতি নম্বর ০০৫৪৩২), সিনিয়র ট্রাফিক ইঞ্জিনিয়ার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চ: দা:, সড়ক ও জনপথ অধিদপ্তর), ডিটিসিএ (প্রেষণে)-কে বিভাগীয় মামলা নম্বর ০১/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-

০৪.০৩.২০১৫

(এম, এ, এন, ছিদ্দিক)

সচিব


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৬.১৪-৬৪/১(১৫)

তারিখ : ২০ ফাল্গুন ১৪২১
০৪ মার্চ ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ), নগর ভবন, ১৪তলা, ঢাকা-১০০০
০৮. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
১১. জনাব এ. কে. এম জুলফিকার ইসলাম (পরিচিতি নম্বর ০০৫৪৩২), সিনিয়র ট্রাফিক ইঞ্জিনিয়ার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চ: দা:, সড়ক ও জনপথ অধিদপ্তর), ডিটিসিএ (প্রেষণে), নগর ভবন, ১৪তলা, ঢাকা-১০০০
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
১৩. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা


(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৫৫১৯